# ঢাকা কমার্স কলেজ

মিরপুর, ঢাকা-১২১৬

তারিখ: ১০.০৯.২০১৮

# দরপত্র বিজ্ঞপ্তি

ঢাকা কমার্স কলেজ-এর নতুন বছরের নিম্নোক্ত প্রকাশনা ও শুভেচ্ছাসামগ্রীর ডিজাইন, মুদ্রণ ও বাঁধাই এর জন্য বৈধ ট্রেড লাইসেন্সধারী ছাপাখানার মালিকদের নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছে-

**লট-১:** কলেজ ম্যাগাজিন "প্রগতি-২০১৮" এর ডিজাইন, মুদ্রণ ও বাঁধাই

**লট-২:** কলেজ-এর "ডায়েরি-২০১৯" এবং "ক্যালেন্ডার-২০১৯" এর ডিজাইন, মুদ্রণ ও বাঁধাই

- **দরপত্র সংক্রান্ত নথি সংগ্রহ:** ১২ সেপ্টেম্বর ২০১৮, বেলা ১টা (শুক্রবার ছাড়া যে কোনো কর্মদিবস) এর মধ্যে "দরপত্র সংক্রান্ত নথি" কলেজ-এর হিসাব শাখা থেকে সংগ্রহ করা যাবে। উল্লিখিত সময়ের পর কাউকে "দরপত্র সংক্রান্ত নথি" বিতরণ করা হবে না।
- **দরপত্র জমা:** ১৯ সেপ্টেম্বর ২০১৮, বেলা ১২টার মধ্যে দরদাতা প্রতিষ্ঠানের নিজস্ব লেটার-হেড প্যাডে সিলগালাকৃত দরপত্র হিসাব শাখায় রক্ষিত সুনির্দিষ্ট বাক্সে জমা দিতে হবে। বেলা ঐদিন দুপুর ১২:০০ টার পর কোনো দরপত্র গ্রহণ করা হবে না। একই দিন ০১:৩০ মিনিটে দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেউ থাকেন) দরপত্র খোলা হবে।

প্রত্যেক আগ্রহী দরদাতার জন্যে উভয় লটের (লট-১ ও লট-২) দর প্রস্তাব করা বাধ্যতামূলক যা একক খামে হতে হবে। আংশিক দরপত্র অথবা পৃথক খামে (শুধু লট-১ কিংবা শুধু লট-২) দাখিলকৃত দরপত্র গ্রহণযোগ্য হবে না।

আগ্রহী দরদাতাগণকে দর নির্ণয় এবং উপস্থাপনের পূর্বে দরপত্র বিজ্ঞপ্তি এবং "দরপত্র সংক্রান্ত নথি"র প্রতিটি বিবরণ এবং নির্দেশনা, যেমন- "দ্রব্যের বিবরণ", "দরপত্র প্রস্তুত ও উপস্থাপনের জন্যে আনুষাঙ্গিক তথ্য" (সংযুক্তি-১) এবং "দর উপস্থাপন সারণি" (সংযুক্তি-২) যথাযথ গুরুত্বসহ আনুপূর্বিক পড়ে এবং বুঝে নিতে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। প্রয়োজনীয় ক্ষেত্রে অফিস চলাকালে আহ্বায়ক- প্রকাশনা কমিটি-২০১৮ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোনো বা সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

**অধ্যক্ষ**
**ঢাকা কমার্স কলেজ**

D/Ali/Progoti Tender Notice No Pad Nor-2016 $A_4$ Size.

# ঢাকা কমার্স কলেজ

মিরপুর, ঢাকা-১২১৬

# দরপত্র সংক্রান্ত নথি

## <u>লট-১: কলেজ ম্যাগাজিন “প্রগতি-২০১৮” ডিজাইন, মুদ্রণ ও বাঁধাই</u>

## দ্রব্যের বিবরণ

| দ্রব্য | সংখ্যা | বিবরণ |
|---|---|---|
| *প্রগতি-২০১৮*<br>(কলেজ ম্যাগাজিন) | ৭৮০০ | আয়তন: ১১” x ৮.৫” অথবা ১১.২৫” x ৮.৫”<br>প্রচ্ছদ: ৩০০ জিএসএম আর্ট কার্ডে ৪ রং অফসেট ছাপা (পৃষ্ঠাজুড়ে ফ্ল্যাশ-কাটিং ডিজাইন) এবং ম্যাট ও স্পট লেমিনেশন<br>ভেতরের পৃষ্ঠা: বাণী, শিক্ষক-শিক্ষার্থীদের ছবি ও অ্যালবাম- ১০০ জিএসএম আর্ট পেপারে ৪ রং ছাপা। শিক্ষক-শিক্ষার্থীদের সাহিত্য/রচনা- ৮০ জিএসএম পেপারটেক অফসেট পেপারে ১ রং ছাপা। (সব পৃষ্ঠায় পৃষ্ঠাজুড়ে ফ্ল্যাশ-কাটিং ডিজাইন)<br>শুভেচ্ছাপত্র: ৮.৫”x৪” আয়তনের ৮০ জিএসএম অফসেট পেপারের ওপর ১ রং ছাপা ৩০০ কপি<br>বাঁধাই: সেলাই এবং অটো-গ্লু<br>খাম: আয়তন- ৯.৭৫”x১২”, লিপ- ২” (প্রগতি-র জন্যে সামঞ্জস্যপূর্ণ আয়তনের)। ১০০ জিএসএম অফসেট পেপারে ১ রং ছাপা ৫০০ কপি |

**সাধারণ নির্দেশনা:**

- দ্রব্যের নমুনা (প্রগতি-২০১৭) ঢাকা কমার্স কলেজ-এর অভ্যর্থনা কক্ষে দরদাতাগণের নিরীক্ষণের সুবিধার জন্যে সংরক্ষিত রয়েছে।
- প্রয়োজনীয় ক্ষেত্রে অফিস চলাকালে আহ্বায়ক- *প্রকাশনা কমিটি-২০১৮ এর* সাথে যোগাযোগ করা যেতে পারে।
- দরপত্রে উল্লেখ নাই এমন যেকোনো বিষয়ে কর্তৃপক্ষের কাছে জেনে নিতে হবে। এক্ষেত্রে কর্তৃপক্ষের ব্যাখ্যাই চূড়ান্ত।
- কোনা দরদাতা দরপত্র সংক্রান্ত নথিতে বিবৃত দ্রব্যের বাইরে অতিরিক্ত নমুনা প্রস্তাব করতে চাইলে দ্রব্য/দ্রব্যসমূহের বিবরণ ও দর পৃথক প্যাডে “লট-১” উল্লেখপূর্বক সংযুক্তি-৪, ৫, ৬, ... হিসেবে উপস্থাপন করতে পারবেন।

**বিশেষ দ্রষ্টব্য:**

- দ্রব্যের সংশ্লিষ্ট মাধ্যম (কাগজ, কার্ড এবং প্রযোজ্য হলে অন্যান্য আনুষাঙ্গিক উপাদান)-সমূহ অভ্যর্থনা কক্ষে সংরক্ষিত বিগত বছরের সংশ্লিষ্ট নমূনার হুবহু অনুরূপ হতে হবে।
- দরদাতা প্রতিষ্ঠানের দক্ষ জনবলসমৃদ্ধ ডিজাইন সেকশন থাকতে হবে।
- আউটপুট হিসেবে মাস্টার পজিটিভ ব্যবহার বাধ্যতামূলক। কোনোভাবেই ট্রেসিং ব্যবহার গ্রহণযোগ্য হবে না।
- ৩ কপি পূর্ণাঙ্গ ডামি (A4-আয়তনের কাগজে সাদা-কালো ডেস্কটপ প্রিন্ট দ্বারা তৈরি; এবং প্রচ্ছদ-এর ক্ষেত্রে রঙিন) উপস্থাপন করে কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ফাইনাল প্রোডাকশনে যেতে হবে।
- সরবরাহকৃত দ্রব্য অবশ্যই অনুমোদিত নমুনা অনুযায়ী হতে হবে।

**অধ্যক্ষ**
ঢাকা কমার্স কলেজ

<u>সংযুক্তি</u>:

১. “দরপত্র প্রস্তুত ও উপস্থাপনের জন্যে আনুষাঙ্গিক তথ্য”

২. “দর উপস্থাপন সারণি”

# দরপত্র প্রস্তুত ও উপস্থাপনের জন্যে আনুষাঙ্গিক তথ্য

## ক. দর উপস্থাপনের ক্ষেত্রে বিশেষ বিবেচনা:

১. প্রি-প্রেস সংশ্লিষ্ট কার্যক্রম (কম্পোজ, বানান সংশোধন, গ্রাফিক্স, পৃষ্ঠাসজ্জা এবং ডিজাইন)-এর মূল্য **পৃথকভাবে প্রস্তাব** করতে হবে।

২. সরবরাহকারী প্রতিষ্ঠানকে প্রচ্ছদ এবং ভিতরের প্রতিটি বিভাগ (বাণী, অ্যালবাম, শিক্ষার্থীদের ছবি এবং শিক্ষক-শিক্ষার্থীদের সাহিত্য/রচনা)- এর জন্যে প্রাথমিকভাবে কমপক্ষে ৩ (তিন) টি করে ডিজাইন উপস্থাপন করতে হবে। প্রস্তাবিত তিনটি ডিজাইনের ওপর কলেজ কর্তৃপক্ষ-এর প্রদত্ত মতামত, সংযোজন-বিয়োজন, সংশোধন ও সমন্বয়করণ-সংক্রান্ত নির্দেশনা অন্তর্ভুক্তকরণ প্রক্রিয়ার মধ্য দিয়ে সন্তোষজনক ডিজাইন-এর পক্ষে চূড়ান্ত অনুমোদন প্রদান করা হবে। উল্লেখ্য টেক্সট-এর পাশাপাশি মুদ্রণ-মানসম্পন্ন ছবি কলেজ কর্তৃপক্ষ সরবরাহ করবে।

৩. প্রচ্ছদ, ১০০ জিএসএম আর্ট পেপারে ৪-রং প্রতি ফর্মা, ৮০ জিএসএম অফসেট পেপারে ১-রং প্রতি ফর্মা (উল্লেখিত ভিন্ন আয়তনের জন্যে তুলনামূলক মূল্য) এবং বাঁধাই-এর মূল্য (সেলাই এবং অটো-গ্লু অথবা শুধু অটো-গ্লু বাঁধাই-এর জন্যে তুলনামূলক মূল্য) পৃথকভাবে উপস্থাপন করতে হবে। উল্লেখ্য প্রচ্ছদ ছাপার সময় প্রচ্ছদ কাগজের অব্যবহৃত অংশে কলেজের জন্যে শুভেচ্ছাপত্র ছাপাতে হবে যেগুলোর ডিজাইন-অনুমোদন প্রচ্ছদের ডিজাইনের সাথেই প্রদান করা হবে।

৪. ৩ কপি করে পূর্ণাঙ্গ ডামি (A4-আয়তনের কাগজে সাদা-কালো ডেস্কটপ প্রিন্ট দ্বারা তৈরি; এবং প্রচ্ছদ-এর ক্ষেত্রে রঙিন) প্রদর্শনের মূল্য পৃথকভাবে উপস্থাপন করতে হবে।

## খ. দরপত্রের আবশ্যকীয় দলিলপত্র এবং নমুনা:

১. দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লেখিত সার্বিক তথ্য ও নির্দেশনা অনুসরণপূর্বক যথাযথভাবে পূরণকৃত এবং স্বাক্ষরিত সংযুক্ত "দর উপস্থাপন সারণি"।

২. স্বতন্ত্র পৃষ্ঠায় প্রতিটি দ্রব্যের বিস্তারিত বিবরণ

৩. দরদাতা প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত একই ধরনের দ্রব্যের পূর্ববর্তী কাজের প্রমাণপত্র (নমুনা এবং কার্যাদেশ)

৪. ট্রেড লাইসেন্স, ভ্যাট সনদপত্র, আয়কর প্রদানের সনদপত্র এবং অন্যান্য কাগজ-পত্রের সত্যায়িত অনুলিপি

৫. আগ্রহী প্রতিষ্ঠান এর একক সর্বোচ্চ কার্যাদেশ-এর অনুলিপি

## গ. কার্যাদেশ ও জামানত:

১. কার্যাদেশ প্রাপ্তির ৩ দিনের মধ্যে টাকা ৩০,০০০/- "অধ্যক্ষ, ঢাকা কমার্স কলেজ"-এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ফেরতযোগ্য) জামানত হিসেবে জমা দিতে হবে। অন্যথায় পরবর্তী দরদাতাকে কার্যাদেশ প্রদান করা হবে।

২. ত্রুটিপূর্ণ এবং/অথবা বিলম্বিত সরবরাহের ক্ষেত্রে জামানতের টাকা বাজেয়াপ্তসহ কর্তৃপক্ষ যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

## ঘ. ডেলিভারি:

১. সরবরাহকারীকে নিজ দায়িত্বে ও খরচে কলেজ বার্ষিকী নির্ধারিত সময়ে কলেজে পৌঁছাতে হবে।

## ঙ. বিল প্রদান:

১. নির্ধারিত সময়ের মধ্যে সরবরাহকৃত কলেজ বার্ষিকীর মান ও পরিমাণ সন্তোষজনক হলে বিল পরিশোধ করা হবে।

২. কলেজ বার্ষিকীর চূড়ান্ত ডিজাইন ফাইল (অ্যাডব ইলাস্ট্রেটর, অ্যাডব ফটোশপ)-সমূহ ও ওয়েব ভার্সন (পিডিএফ ফাইল) সিডি বা ডিভিডি-তে এবং পজিটিভ/ফিল্ম কলেজ কর্তৃপক্ষকে যথাযথভাবে হস্তান্তর করার পর বিল পরিশোধ করা হবে।

৩. সরকার কর্তৃক নির্ধারিত হারে ভ্যাট ও ট্যাক্স কর্তনপূর্বক বিল পরিশোধ করা হবে। সরবরাহকারী ভ্যাট ও ট্যাক্স প্রদান করলে তার চালান এর মূল কপি জমা দিতে হবে।

৪. সমূদয় পাওনা চেকের মাধ্যমে পরিশোধ করা হবে।

## চ. কার্যাদেশ বাতিল এবং অন্যান্য:

১. কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোনো বা সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

২. উল্লেখিত শর্তসমূহের কোনোরূপ ব্যত্যয় ঘটলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

# দর উপস্থাপন সারণি

(দরদাতাগণ নিজস্ব লেটার-হেড প্যাডে প্রিন্ট করবেন এবং স্বাক্ষর করবেন)

**[উল্লেখ্য দর নির্ণয় এবং উপস্থাপনের পূর্বে দরপত্র বিজ্ঞপ্তি এবং “দরপত্র সংক্রান্ত নথি”র প্রতিটি বিবরণ এবং নির্দেশনা, যেমন- “দ্রব্যের বিবরণ”, “দরপত্র প্রস্তুত ও উপস্থাপনের জন্যে আনুষাঙ্গিক তথ্য” (সংযুক্তি-১) এবং “দর উপস্থাপন সারণি” (সংযুক্তি-২) যথাযথ গুরুত্বসহ আনুপূর্বিক পড়ে এবং বুঝে নেয়া আবশ্যক]**

| দ্রব্য | অংশ/ধরন | | সংখ্যা | হার (টাকা) | মূল্য (টাকা) |
|---|---|---|---|---|---|
| *প্রগতি-২০১৮* | কাভার (পৃষ্ঠাজুড়ে ফ্ল্যাশ-কাটিং ডিজাইন) | | ৭,৮০০ | | |
| | ১০০ জিএসএম আর্ট পেপারে ৪-রং ছাপা ফর্মা (পৃষ্ঠাজুড়ে ফ্ল্যাশ-কাটিং ডিজাইন) ২৩ ফর্মা (প্রয়োজন মতো) | ১১” x ৮.৫” | ৭,৮০০ | | |
| | | ১১.২৫” x ৮.৫” | ৭,৮০০ | | |
| | ৮০ জিএসএম অফসেট পেপারে ১-রং ছাপা ফর্মা (পৃষ্ঠাজুড়ে ফ্ল্যাশ-কাটিং ডিজাইন) ১৫ ফর্মা (প্রয়োজন মতো) | ১১” x ৮.৫” | ৭,৮০০ | | |
| | | ১১.২৫” x ৮.৫” | ৭,৮০০ | | |
| | বাঁধাই | সেলাই এবং অটো-গ্লু | ৭,৮০০ | | |
| | খাম | | ৫০০ | | |
| | প্রি-প্রেস সংশ্লিষ্ট কার্যক্রম (সার্বিক কম্পোজ, বানান সংশোধন, গ্রাফিক্স, পৃষ্ঠাসজ্জা, ডিজাইন এবং আউটপুট সেট-আপ)। ৩৮ ফর্মা (প্রয়োজন মতো) ধরে। উল্লেখ্য প্রচ্ছদের ক্ষেত্রে কলেজ ভবনের নান্দনিক ও শৈল্পিক উপস্থাপন আবশ্যক। | | -- | -- | |
| | সাদা-কালো ডামি (ডেস্কটপ প্রিন্ট দ্বারা তৈরি) ৩৮ ফর্মা ধরে | | ৩ | | |
| | প্রচ্ছদের রঙিন ডেস্কটপ প্রিন্ট- ৪ পৃষ্ঠা ধরে | | ৫ | | |
| | প্রচ্ছদের মেশিন প্রুফ | | ৩ | -- | |
| **মোট মূল্য (ভ্যাট ও ট্যাক্সসহ)** | | | | | |

** সরকার কর্তৃক নির্ধারিত হারে ভ্যাট ও ট্যাক্স কর্তনপূর্বক বিল পরিশোধ করা হবে এবং পরিশোধিত ভ্যাট ও ট্যাক্স-এর চালান পরবর্তী সময়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে প্রদান করা হবে। সরবরাহকারী ভ্যাট ও ট্যাক্স প্রদান করলে তার চালানের মূলকপি জমা দিতে হবে।

ঢাকা কমার্স কলেজ

মিরপুর, ঢাকা-১২১৬

# দরপত্র সংক্রান্ত নথি

## লট-২: "ডায়েরি-২০১৯" এবং "ক্যালেন্ডার-২০১৯" ডিজাইন, মুদ্রণ ও বাঁধাই

### দ্রব্যের বিবরণ

| দ্রব্য | ধরন | সংখ্যা | বিবরণ |
|---|---|---|---|
| *ছোট ডায়েরি*-২০১৯ | ছোট-সাধারণ *ডায়েরি* | ৭৮০০ | আয়তন: ৬"x৩.৪"(রেক্সিন-কাভার বাদে); ৬.২৫"x৩.৫" (রেক্সিন-কাভার সহ)<br>প্রচ্ছদ: রেক্সিন (*সেরিকো ফোম প্লাস্টিক*)-এর ওপর লোগো ও বছর এম্বোস<br>ভেতরের পৃষ্ঠা (মোট ১৪৪) : ৮ পৃষ্ঠা- ১০০ জিএসএম আর্ট পেপারে ৪ রঙ ছাপা; অন্যান্য পৃষ্ঠাসমূহ ৮০ জিএসএম পেপারটেক অফসেট পেপারে ২ রঙ ছাপা।<br>বাঁধাই: জুস সেলাই এবং রেক্সিন জ্যাকেট; পুস্তানি- ১০০ জিএসএম আর্ট পেপারে ১ রঙ ছাপা এবং কাভার বোর্ড- ৩০০ জিএসএম ডুপ্লেক্স বোর্ড; পেজ মার্ক- ফিতা<br>বক্স: আয়তন- ৬.৫"x৩.৯"x.৫" (ছোট-সাধারণ ডায়েরি-র জন্যে সামঞ্জস্যপূর্ণ আয়তনের) ; ৩০০ জিএসএম ডুপ্লেক্স বোর্ডে ১ রং ছাপা |
| | ছোট-বিশেষ *ডায়েরি* | ৮০০ | আয়তন: ৬"x৩.৪" (রেক্সিন-কাভার বাদে); ৬.৫"x৩.৫"(রেক্সিন-কাভার সহ)<br>প্রচ্ছদ: রেক্সিন (*টিসি ভারসেস*)-এর ওপর লোগো, বছর, কলেজ ভবন-এর প্রতিকৃতি এম্বোস<br>ভেতরের পৃষ্ঠা (মোট ১৪৪): ৮ পৃষ্ঠা- ১০০ জিএসএম আর্ট পেপারে ৪ রঙ ছাপা; অন্যান্য পৃষ্ঠাসমূহ ৮০ জিএসএম পেপারটেক অফসেট পেপারে ২ রঙ ছাপা।<br>বাঁধাই: জুস সেলাই এবং রেক্সিন-বোর্ড (জেল) বাঁধাই; রেক্সিন এবং বোর্ডের মাঝে ফোম আবশ্যক; বোর্ড-২৮ আউন্স পেস্টিং বোর্ড; কাভার কর্নার- দুটি গোল্ডেন মেটাল কর্নার; পুস্তানি- ১০০ জিএসএম আর্ট পেপারে ১ রঙ ছাপা; কাভার বোর্ড- ৩০০ জিএসএম ডুপ্লেক্স বোর্ড; পেজ মার্ক- ফিতা<br>বক্স: আয়তন- ৬.৫"x৩.৯"x.৫" (ছোট-**বিশেষ** ডায়েরি-র জন্যে সামঞ্জস্যপূর্ণ আয়তনের); ৩০০ জিএসএম ডুপ্লেক্স বোর্ডে ১ রং ছাপা |
| *বড় ডায়েরি*-২০১৯ | স্পাইরাল বাঁধাইয়ের পর পৃথক কভার | ৮০০ | আয়তন: ৮.৫"x৫.৫" (রেক্সিন-কাভার বাদে); ৯.২৫"x৬.৫" (রেক্সিন-কাভার সহ)<br>প্রচ্ছদ: রেক্সিন (অ্যারোমেটিক: *ডিসকভারি*)-এর ওপর লোগো ও বছর এম্বোস<br>ভেতরের পৃষ্ঠা (মোট ২২৪): ৮ পৃষ্ঠা- ১০০ জিএসএম আর্ট পেপারে ৪ রঙ ছাপা; অন্যান্য পৃষ্ঠাসমূহ- ১০০ জিএসএম পেপারটেক অফসেট পেপারে ২ রঙ ছাপা<br>মান্থ ডিভাইডার: ১২ পাতা ৮.৫"x৫.৭৫" আয়তনের ৩০০ জিএসএম আর্ট কার্ডের একপিঠে ৪ রঙ এবং অন্য পিঠে ১ রঙ ছাপা; ইনডেক্স কাটিং<br>বাঁধাই: স্পাইরাল (২০ গেজ দেশী তার) এবং রেক্সিন-জ্যাকেট (ঘন সেলাই); রেক্সিন ও ২৮-আউন্স পেস্টিং বোর্ডের মাঝে ফোম আবশ্যক; রেক্সিন-জ্যাকেটের ভিতরের দিকে ডাবল চেম্বার পকেট; ট্রান্সপারেন্ট কাভার- প্লেন সেলুলয়েড শিট (১১৫ μm)<br>বক্স: ৩০০ জিএসএম ডুপ্লেক্স বোর্ডে ১ রং অফসেট ছাপা, ১ রঙ সিলভার কালার ফয়েল ছাপা এবং গ্লসি লেমিনেশন; ডাবল-ডালা বক্স; নিচের ডালা- ৯.৩"x৭"x১.১" এবং ওপরের ডালা- ৯.৪৫"x৭"x১.১" ("বড়" *ডায়েরি*-র জন্যে সামঞ্জস্যপূর্ণ আয়তনের) |

| | | | |
|---|---|---|---|
| *ওয়াল ক্যালেন্ডার-২০১৯* | স্পাইরাল বাঁধাই | ৮,৬০০ | আয়তন: ১৭.৫” x ২৪.৫” অথবা ১৮” x ২৪”<br>মাধ্যম: ৬ পাতা (১২ পৃষ্ঠা) ১৫০ জিএসএম ইনোভা আর্ট পেপারের উভয় পার্শ্বে ৪ রং অফসেট ছাপা; এবং টপশিট- ৬১ জিএসএম অফসেট কাগজের একপিঠে ১ রঙ ছাপা<br>বাঁধাই: স্পাইরাল (২৪ গেজ দেশী তার) বাঁধাই; হ্যাঙ্গার- ১৫ গেজ দেশী তার; ব্যাক সাপোর্ট- ১৭.৫”x৩.৫” আয়তনের ৬০০ জিএসএম সুইডিশ বোর্ড<br>খাম (৭০০টি): আয়তন- ১৭.৭৫”x১৩.৮”, লিপ-৩”; ১০০ জিএসএম অফসেট পেপারে ১ রং ছাপা (স্পাইরাল-বাঁধাইকৃত *ওয়াল ক্যালেন্ডার-এর* জন্যে সামঞ্জস্যপূর্ণ আয়তনের) |
| *ডেস্ক ক্যালেন্ডার-২০১৯* | স্পাইরাল বাঁধাই | ৭০০ | আয়তন: ৯” x ৫.২৫” (স্ট্যান্ড ছাড়া)<br>মাধ্যম: ৩০০ জিএসএম হ্যানসোল আর্ট কার্ডের উভয় পার্শ্বে ৪ রং অফসেট ছাপা এবং গ্লসি লেমিনেশন<br>পৃষ্ঠা সংখ্যা: ২৬ পৃষ্ঠা (১৩ পাতা)<br>বাঁধাই: চায়না ওয়্যার-ও (৭/১৬”-৩:১ ডাবল লুপ) বাঁধাই<br>স্ট্যান্ড: আয়তন- ৯”x৫.৫০”x(১.৫”+১.৫”); মাধ্যম- ৩২ আউন্স পেস্টিং বোর্ড-এর ওপর (জেল) ১২০ জিএসএম আর্ট পেপারে ১ রঙ সলিড ছাপা এবং ম্যাট লেমিনেশন; পিছনে (পুস্তানি) ১০০ জিএসএম অফসেট পেপারে ১ সলিড রঙ ছাপা।<br>খাম: আয়তন- ৯.৭৫”x৬.২৫”, লিপ-২” ১০০ জিএসএম অফসেট পেপারে ৪ অথবা ১ রং ছাপা খাম (৭০০টি) |

**সাধারণ নির্দেশনা:**

- প্রতিটি দ্রব্যের নমুনা ঢাকা কমার্স কলেজ-এর অভ্যর্থনা কক্ষে দরদাতাগণের নিরীক্ষণের সুবিধার জন্যে সংরক্ষিত রয়েছে।
- প্রয়োজনীয় ক্ষেত্রে অফিস চলাকালে আহ্বায়ক-প্রকাশনা কমিটি-২০১৮ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।
- দরপত্রে উল্লেখ নাই এমন যেকোনো বিষয়ে কর্তৃপক্ষের কাছে জেনে নিতে হবে। এক্ষেত্রে কর্তৃপক্ষের ব্যাখ্যাই চূড়ান্ত।
- কোনা দরদাতা দরপত্র সংক্রান্ত নথিতে বিবৃত দ্রব্যের বাইরে অতিরিক্ত নমুনা প্রস্তাব করতে চাইলে দ্রব্য/দ্রব্যসমূহের বিবরণ ও দর পৃথক প্যাডে “লট-২” উল্লেখপূর্বক সংযুক্তি-৪, ৫, ৬, ... হিসেবে উপস্থাপন করতে পারবেন।

**দ্রব্যসমূহের ক্ষেত্রে বিশেষভাবে প্রযোজ্য:**

- দ্রব্যসমূহের সংশ্লিষ্ট মাধ্যম (কাগজ, কার্ড, বোর্ড, রেক্সিন, স্পাইরাল, টিন এবং প্রযোজ্য হলে অন্যান্য আনুষাঙ্গিক উপাদান)-সমূহ অভ্যর্থনা কক্ষে সংরক্ষিত বিগত বছরের সংশ্লিষ্ট নমুনার হুবহু অনুরূপ হতে হবে।
- দরদাতা প্রতিষ্ঠানের দক্ষ জনবলসমৃদ্ধ ডিজাইন সেকশন থাকতে হবে।
- প্রতিটি দ্রব্যের জন্যে আউটপুট হিসেবে মাস্টার পজিটিভ ব্যবহার বাধ্যতামূলক। কোনোভাবেই ট্রেসিং ব্যবহার গ্রহণযোগ্য হবে না।
- প্রতিটি দ্রব্যের ৩ কপি করে পূর্ণাঙ্গ ডামি (A4-আয়তনের কাগজে ডেস্কটপ প্রিন্ট দ্বারা তৈরি; ডায়রিসমূহের জন্যে সাদা-কালো এবং ওয়াল ক্যালেন্ডার ও ডেস্ক ক্যালেন্ডার-এর ক্ষেত্রে রঙিন) এবং *ওয়াল ক্যালেন্ডার ও ডেস্ক ক্যালেন্ডার*-এর ক্ষেত্রে ডামি প্রদর্শনপূর্বক ৩ কপি করে পূর্ণাঙ্গ মেশিন-প্রুফ উপস্থাপন করে কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ফাইনাল প্রোডাকশনে যেতে হবে।
- সরবরাহকৃত দ্রব্য অবশ্যই অনুমোদিত নমুনা অনুযায়ী হতে হবে।

**অধ্যক্ষ**
ঢাকা কমার্স কলেজ

<u>সংযুক্তি</u>:

১. “দরপত্র প্রস্তুত ও উপস্থাপনের জন্যে আনুষাঙ্গিক তথ্য”

২. “দর উপস্থাপন সারণি”

## দরপত্র প্রস্তুত ও উপস্থাপনের জন্যে আনুষাঙ্গিক তথ্য

**ক. দর উপস্থাপনের ক্ষেত্রে বিশেষ বিবেচনা:**

১. প্রতিটি দ্রব্যের প্রি-প্রেস সংশ্লিষ্ট কার্যক্রম (কম্পোজ, বানান সংশোধন, গ্রাফিক্স, পৃষ্ঠাসজ্জা এবং ডিজাইন)-এর মূল্য **পৃথকভাবে প্রস্তাব** করতে হবে।

২. সরবরাহকারী প্রতিষ্ঠানকে প্রতিটি দ্রব্যের বিশেষ করে ডায়রিসমূহের তথ্যপাতা (কলেজ তথ্য এবং অর্জনসমূহকে দৃষ্টিনন্দন গ্রাফ এবং চার্টের মাধ্যমে উপস্থাপনযোগে) ও নিয়মিত পাতা, ডেস্ক ক্যালেন্ডার এবং ওয়াল ক্যালেন্ডার-এর টপ-শিট এবং নিয়মিত পাতার জন্যে প্রাথমিকভাবে কমপক্ষে ৩ (তিন) টি করে ডিজাইন উপস্থাপন করতে হবে। প্রস্তাবিত তিনটি ডিজাইনের ওপর কলেজ কর্তৃপক্ষ-এর প্রদত্ত মতামত, সংযোজন-বিয়োজন, সংশোধন ও সমন্বয়করণ-সংক্রান্ত নির্দেশনা অন্তর্ভুক্তকরণ প্রক্রিয়ার মধ্য দিয়ে সন্তোষজনক ডিজাইন-এর পক্ষে চূড়ান্ত অনুমোদন প্রদান করা হবে। উল্লেখ্য টেক্সট-এর পাশাপাশি মুদ্রণ-মানসম্পন্ন ছবি কলেজ কর্তৃপক্ষ সরবরাহ করবে।

৩. প্রতিটি দ্রব্যের জন্যে পৃথকভাবে দর উপস্থাপন করতে হবে।

৪. ওয়াল ক্যালেন্ডার-এর ক্ষেত্রে উল্লেখিত ভিন্ন আয়তনের জন্যে তুলনামূলক মূল্য উপস্থাপন করতে হবে; এবং টিন-বাঁধাইকৃত ওয়াল ক্যালেন্ডার-এর ক্ষেত্রে দেশী এবং চায়না বাঁধাই-এর তুলনামূলক মূল্য উপস্থাপন করতে হবে। ডেস্ক ক্যালেন্ডার-এর খাম-এর ক্ষেত্রে ৪ রঙ এবং ১ রঙ ছাপার তুলনামূলক মূল্য উপস্থাপন করতে হবে।

৫. প্রতিটি দ্রব্যের ৩ কপি করে পূর্ণাঙ্গ ডামি (A4-আয়তনের কাগজে ডেস্কটপ প্রিন্ট দ্বারা তৈরি; ডায়রিসমূহের জন্যে সাদা-কালো এবং ওয়াল ক্যালেন্ডার ও ডেস্ক ক্যালেন্ডার-এর ক্ষেত্রে রঙিন) প্রদর্শনের মূল্য পৃথকভাবে উপস্থাপন করতে হবে।

৬. এর পাশাপাশি *ওয়াল ক্যালেন্ডার* ও *ডেস্ক ক্যালেন্ডার*-এর ক্ষেত্রে প্রযোজ্য মেশিন প্রুফ এর মূল্যও পৃথকভাবে উপস্থাপন করতে হবে।

**খ. দরপত্রের আবশ্যকীয় দলিলপত্র এবং নমুনা:**

১. দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লেখিত সার্বিক তথ্য ও নির্দেশনা অনুসরণপূর্বক যথাযথভাবে পূরণকৃত এবং স্বাক্ষরিত সংযুক্ত "দর উপস্থাপন সারণি"।

২. স্বতন্ত্র পৃষ্ঠায় প্রতিটি দ্রব্যের বিস্তারিত বিবরণ

৩. দরদাতা প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত একই ধরনের দ্রব্যের পূর্ববর্তী কাজের প্রমাণপত্র (নমুনা এবং কার্যাদেশ)।

৪. ট্রেড লাইসেন্স, ভ্যাট সনদপত্র, আয়কর প্রদানের সনদপত্র এবং অন্যান্য কাগজ-পত্রের সত্যায়িত অনুলিপি

৫. আগ্রহী প্রতিষ্ঠান এর একক সর্বোচ্চ কার্যাদেশ-এর অনুলিপি

**গ. কার্যাদেশ ও জামানত:**

১. কার্যাদেশ প্রাপ্তির ৩ দিনের মধ্যে ক্যালেন্ডারের জন্যে টাকা ১৫,০০০/- এবং ডায়েরির জন্যে টাকা ২৫,০০০/- "অধ্যক্ষ, ঢাকা কমার্স কলেজ"-এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ফেরতযোগ্য) জামানত হিসেবে জমা দিতে হবে। অন্যথায় পরবর্তী দরদাতাকে কার্যাদেশ প্রদান করা হবে।

২. ত্রুটিপূর্ণ এবং/অথবা বিলম্বিত সরবরাহের ক্ষেত্রে জামানতের টাকা বাজেয়াপ্তসহ কর্তৃপক্ষ যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

**ঘ. ডেলিভারি:**

১. সরবরাহকারীকে নিজ দায়িত্বে ও খরচে দ্রব্যসামগ্রী নির্ধারিত সময়ে কলেজে পৌছাতে হবে।

**ঙ. বিল প্রদান:**

১. নির্ধারিত সময়ের মধ্যে সরবরাহকৃত দ্রব্যসামগ্রীর মান ও পরিমাণ সন্তোষজনক হলে বিল পরিশোধ করা হবে।

২. দ্রব্যসমূহের চূড়ান্ত ডিজাইন ফাইল (অ্যাডব ইলাস্ট্রেটর, অ্যাডব ফটোশপ)-সমূহ ও ওয়েব ভার্সন (পিডিএফ ফাইল) সিডি বা ডিভিডি-তে এবং পজিটিভ/ফিল্ম কলেজ কর্তৃপক্ষকে যথাযথভাবে হস্তান্তর করার পর বিল পরিশোধ করা হবে।

৩. সরকার কর্তৃক নির্ধারিত হারে ভ্যাট ও ট্যাক্স কর্তনপূর্বক বিল পরিশোধ করা হবে এবং পরিশোধিত ভ্যাট ও ট্যাক্স-এর চালান পরবর্তী সময়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে প্রদান করা হবে। সরবরাহকারী ভ্যাট ও ট্যাক্স প্রদান করলে তার চালানের মূল কপি জমা দিতে হবে।

৪. সমুদয় পাওনা চেকের মাধ্যমে পরিশোধ করা হবে।

**চ. কার্যাদেশ বাতিল এবং অন্যান্য:**

১. কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোনো বা সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

২. উল্লেখিত শর্তসমূহের কোনোরূপ ব্যত্যয় ঘটলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

## দর উপস্থাপন সারণি

(দরদাতাগণ নিজস্ব লেটার-হেড প্যাডে প্রিন্ট করবেন এবং স্বাক্ষর করবেন। প্রয়োজনে একাধিক প্যাড ব্যবহার করবেন; তবে প্রতি পৃষ্ঠায় সংশ্লিষ্ট স্বাক্ষর আবশ্যক)

**[উল্লেখ্য দর নির্ণয় এবং উপস্থাপনের পূর্বে দরপত্র বিজ্ঞপ্তি এবং “দরপত্র সংক্রান্ত নথি”র প্রতিটি বিবরণ এবং নির্দেশনা, যেমন- “দ্রব্যের বিবরণ”, “দরপত্র প্রস্তুত ও উপস্থাপনের জন্যে আনুষাঙ্গিক তথ্য” (সংযুক্তি-১) এবং “দর উপস্থাপন সারণি” (সংযুক্তি-২) যথাযথ গুরুত্বসহ আনুপূর্বিক পড়ে এবং বুঝে নেয়া আবশ্যক]**

| দ্রব্য | অংশ/ধরন | সংখ্যা | হার (টাকা) | মূল্য (টাকা) |
|---|---|---|---|---|
| *ছোট ডায়েরি* | ছোট-সাধারণ ডায়েরি | ৭৮০০ | | |
| | ছোট-সাধারণ ডায়রির বক্স | ৭৮০০ | | |
| | ছোট-বিশেষ ডায়েরি | ৮০০ | | |
| | ছোট-বিশেষ ডায়রির বক্স | ৮০০ | | |
| | *ছোট ডায়েরি*-এর সার্বিক কম্পোজ, বানান সংশোধন, গ্রাফিক্স, পৃষ্ঠাসজ্জা, ডিজাইন এবং আউটপুট সেট-আপ | -- | -- | |
| | *ছোট ডায়েরি*-এর সাদা-কালো ডামি (ডেস্কটপ প্রিন্ট দ্বারা তৈরি) ১৭৪ পৃষ্ঠা ধরে | ৩ | | |
| *বড় ডায়েরি* | প্রচ্ছদে এম্বোস খোদিত পৃথক নামের ২০ টি ডায়রিসহ | ৮০০ | | |
| | বড় ডায়েরির বক্স | ৮০০ | | |
| | *বড় ডায়েরি*-এর সার্বিক কম্পোজ, বানান সংশোধন, গ্রাফিক্স, পৃষ্ঠাসজ্জা, ডিজাইন এবং আউটপুট সেট-আপ | -- | -- | |
| | *বড় ডায়েরি*-এর সাদা-কালো ডামি (ডেস্কটপ প্রিন্ট দ্বারা তৈরি) ২৪০ পৃষ্ঠা ধরে | ৩ | | |
| *ওয়াল ক্যালেন্ডার* | স্পাইরাল বাঁধাইকৃত *ওয়াল ক্যালেন্ডার* — ১৭.৫” x ২৪.৫” | ৮৬০০ | | |
| | ১৮” x ২৪” | ৮৬০০ | | |
| | স্পাইরাল বাঁধাইকৃত *ওয়াল ক্যালেন্ডার*-এর খাম | ৭০০ | | |
| | *ওয়াল ক্যালেন্ডার*-এর সার্বিক কম্পোজ, বানান সংশোধন, গ্রাফিক্স, পৃষ্ঠাসজ্জা, ডিজাইন এবং আউটপুট সেট-আপ | -- | -- | |
| | *ওয়াল ক্যালেন্ডার*-এর রঙিন ডামি (ডেস্কটপ প্রিন্ট দ্বারা তৈরি) ১৩ পৃষ্ঠা ধরে | ৩ | | |
| | *ওয়াল ক্যালেন্ডার*-এর পূর্ণাঙ্গ মেশিন-প্রুফ কপি | ৩ | -- | |
| *ডেস্ক ক্যালেন্ডার* | -- | ৭০০ | | |
| | *ডেস্ক ক্যালেন্ডার*-এর খাম — ৪ রঙ | ৭০০ | | |
| | ১ রঙ | | | |
| | *ডেস্ক ক্যালেন্ডার*-এর সার্বিক কম্পোজ, বানান সংশোধন, গ্রাফিক্স, পৃষ্ঠাসজ্জা, ডিজাইন এবং আউটপুট সেট-আপ | -- | -- | |
| | *ডেস্ক ক্যালেন্ডার*-এর রঙিন ডামি (ডেস্কটপ প্রিন্ট দ্বারা তৈরি) ২৬ পৃষ্ঠা ধরে | ৩ | | |
| | *ডেস্ক ক্যালেন্ডার*-এর পূর্ণাঙ্গ মেশিন-প্রুফ কপি | ৩ | -- | |
| **মোট মূল্য (ভ্যাট ও ট্যাক্সসহ)** | | | | |

** সরকার কর্তৃক নির্ধারিত হারে ভ্যাট ও ট্যাক্স কর্তনপূর্বক বিল পরিশোধ করা হবে এবং পরিশোধিত ভ্যাট ও ট্যাক্স-এর চালান পরবর্তী সময়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে প্রদান করা হবে। সরবরাহকারী ভ্যাট ও ট্যাক্স প্রদান করলে তার চালানের মূলকপি জমা দিতে হবে।